

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স
ঢাকা
www.police.gov.bd

আইসিটি শাখা	পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
সম্পন্ন নং	২৬৬২
তারিখ	০৬/০৪/২০
তারিখ	২০ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ	১২ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.২৫.০০২.১৯-০০৬

তারিখ: ২০ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ English Pre-SAAT পরীক্ষায় অংশগ্রহণের জন্য পুলিশ কর্মকর্তাগণের (পুরুষ) মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে Individual Police officer (IPO) হিসেবে মোতায়েনের জন্য English SAAT পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক সকল কর্মকর্তা (এসআই/সার্জেন্ট হতে তদুর্ধ্ব পদমর্যাদার পুরুষ কর্মকর্তা)কে পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক আয়োজিত English Pre-SAAT পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে Individual Police officer (IPO) হিসেবে মোতায়েনের জন্য English SAAT পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক পুলিশ কর্মকর্তাগণকে English Pre-SAAT অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে এসআই/সার্জেন্ট হতে তদুর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণের মধ্যে সর্বোচ্চ ০১ (এক) টি IPO/SAAT মিশন সম্পন্নকারী পুরুষ কর্মকর্তাগণের মনোনয়ন (হার্ড কপি ফ্যাক্স/ডাকযোগে ও সফট কপি MS Word ফরমেটে সিডি ও ই-মেইলে) আগামী ২০ এপ্রিল ২০১৯ পুনঃ ২০ এপ্রিল ২০১৯ তারিখের মধ্যে একীভূত (সকল ইউনিট প্রধান ও জেলার ক্ষেত্রে রেঞ্জ ডিআইজি কার্যালয় হতে) করে প্রেরণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

- (১) ইংরেজি ভাষা ও ড্রাইভিং-এ দক্ষতা সম্পন্ন বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী পুলিশ কর্মকর্তাগণকে যাচাইপূর্বক কর্মকর্তা(এসআই/সার্জেন্ট হতে তদুর্ধ্ব পদমর্যাদার পুরুষ কর্মকর্তা)কে মনোনীত করতে হবে;
- (২) মনোনীত কর্মকর্তাগণের চাকরিকাল ৩১ মার্চ ২০১৯ তারিখে কমপক্ষে ০৫ (পাঁচ) বছর (প্রশিক্ষণ সময় ব্যতীত) এবং বয়স কমপক্ষে ২৭ বছর ও অনূর্ধ্ব ৫৩ বছর হতে হবে;
- (৩) ইতোপূর্বে ০২ (দুই) বা ততোধিক IPO/SAAT মিশন সম্পন্নকারী পুলিশ কর্মকর্তাগণ English Pre-SAAT পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;
- (৪) গত ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ বা তৎপরবর্তী সময়ে IPO মিশন হতে প্রত্যাবর্তনকারী কর্মকর্তাগণ English Pre-SAAT এ অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবেন না;
- (৫) সমগ্র চাকুরী জীবনে কোন গুরুদণ্ড প্রাপ্ত কর্মকর্তা Pre-SAAT পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;
- (৬) মনোনীত কর্মকর্তাগণের বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/মুলতবী/প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করেননি; দুই বা ততোধিক IPO মিশনে গমন করেননি এবং ইতোপূর্বে কোন মিশনে নিয়োজিত থাকাকালে কোন বিরূপ তথ্য পাওয়া যায়নি মর্মে ইউনিট প্রধান কর্তৃক পৃথকভাবে প্রত্যেকের জন্য সংযুক্ত নমুনা মোতাবেক প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে (সংযুক্তি-১);
- (৭) আবেদনকারী ইতোপূর্বে দুই বা ততোধিক English SAAT/IPO মিশন সম্পন্ন করেননি এবং চাকুরী জীবনে গুরুদণ্ড প্রাপ্ত হননি, পূর্ববর্তী কোন মিশনে নিয়োজিত থাকাকালে কোনরূপ বিরূপ মন্তব্য প্রাপ্ত হননি এবং SAAT পরীক্ষায় উত্তীর্ণ হলে মিশনে গমনে বাধ্য থাকবেন মর্মে ঘোষণাপত্র প্রদান করতে হবে (সংযুক্তি-২);
- (৮) ভুল তথ্য প্রদানকারী পুলিশ কর্মকর্তাগণের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে শান্তিরক্ষা মিশনে প্রেরণের ক্ষেত্রে বিবেচনা করা হবে না;
- (৯) নিচের “ছক” অনুযায়ী প্রাথমিকভাবে মনোনীত কর্মকর্তাগণের তথ্যাদি প্রেরণ করতে হবে

ছকঃ মনোনীত কর্মকর্তাগণের তথ্যাদি

Serial No	Language	Police ID	Rank	Gender	Date of Birth (dd/mm/yyyy)	Date of Joining to Police (dd/mm/yyyy)	First Name	Family Name	Educational Qualification	Unit	Name of Previous Mission (s)	Date of Return from Last Mission	Passport		Driving		Remarks	
													No	Date of Expiry	No	Date of Expiry		

উল্লেখ্য, যথাযথ কর্তৃপক্ষের (ইউনিট প্রধান/ জেলার ক্ষেত্রে রেঞ্জ ডিআইজি কার্যালয়) মাধ্যম ব্যতীত এবং সুনির্দিষ্ট প্রক্রিয়া অনুসরণ ব্যতিরেকে প্রেরিত মনোনয়ন এবং ব্যক্তিগত আবেদন গ্রহণযোগ্য হবে না।

সংযুক্তিঃ ২ (দুই) পাতা

(নাসিয়ান ওয়াজেদ, পিপিএম)

বিপি-৭৮০৩০২৭৮১৬

এআইজি (ইউএন অ্যাফেয়ার্স), বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

ফোন- ৯৫৬১৭৩০

- ১। অতিরিক্ত আইজি, সিআইডি, বাংলাদেশ পুলিশ, ঢাকা
- ২। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী
- ৩। মহাপরিচালক, র‍্যাভ, র‍্যাভ ফোর্সেস হেডকোয়ার্টার্স, ঢাকা

